**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 09-09-2025** **Desk in Charge : Susmita M.**
**Time : 7.50 PM.** **Compiling : Susmita M./ NBR**
**DEO : KB** **NR : NBR**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

বিশেষ বিশেষ খবরঃ-

১/ দেশের পরবর্তী উপরাষ্ট্রপতি হচ্ছেন, NDA মনোনীত প্রার্থী, মহারাষ্ট্রের রাজ্যপাল CP রাধাকৃষ্ণান।

২/ মুখ্য নির্বাচনী আধিকারিকদের সম্মেলনে যোগ দিতে দিল্লি রওনা হয়েছেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল।

# গোটা রাজ্যে ভোট কেন্দ্রের সমীক্ষার কাজ শুরু হবে আগামী সপ্তাহ থেকে।

৩/ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি খতিয়ে দেখতে উত্তরকন্যায় সাত জেলার জেলাশাসকের সঙ্গে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বৈঠক।

৪/ নেপালে অশান্তির প্রেক্ষিতে রাজ্য সরকার উত্তরবঙ্গের দার্জিলিং, শিলিগুড়ি, কালিম্পং সহ বিভিন্ন জায়গায় নজরদারি বাড়িয়েছে।

# বিদেশ মন্ত্রক, আপাতত নেপাল ভ্রমণে না যাওয়ার পরামর্শ দিয়েছে।

**********************************************************************

দেশের পরবর্তী উপরাষ্ট্রপতি হচ্ছেন, NDA মনোনীত প্রার্থী মহারাষ্ট্রের রাজ্যপাল CP রাধাকৃষ্ণান। তিনি ৪৫২ টি ফার্স্ট প্রেফারেন্স ভোট পেয়েছেন। বিরোধী দলের মনোনীত উপরাষ্ট্রপতি পদপ্রার্থী প্রাক্তন বিচারপতি বি সুদর্শন রেড্ডি ৩০০ টি ফার্স্ট প্রেফারেন্স ভোট পেয়েছেন বলে রাজ্যসভার সেক্রেটারি জেনারেল, উপরাষ্ট্রপতি নির্বাচনের রিটার্নিং অফিসার পি সি মোদি জানিয়েছেন।

(বাইট- পি সি মোদী)

**********************

আগামী বছর রাজ্যে বিধানসভা নির্বাচনের জন্য ইতিমধ্যেই প্রস্তুতি শুরু হয়েছে। এই প্রস্তুতির অঙ্গ হিসাবে দিল্লী রওনা হওয়ার আগে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল ভোট গ্রহণ কেন্দ্রগুলির পরিকাঠামোর দায়িত্বে থাকা রাষ্ট্রায়ত্ত সংস্থা ম্যাকিনটস বার্ণের সঙ্গে আজ বৈঠকে বসেন। দপ্তরের অন্য শীর্ষ আধিকারিকরাও ওই বৈঠকে উপস্থিত ছিলেন। ভোটগ্রহণ কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত সংস্থার পক্ষ থেকে সমস্ত কেন্দ্রে পানীয় জল, শৌচালয় সহ ন্যূনতম পরিষেবার যাবতীয় ব্যবস্থা করা হবে বলে আশ্বাস দেওয়া হয়েছে।

জানা গিয়েছে, আগামী সপ্তাহ থেকেই গোটা রাজ্যে ভোট কেন্দ্রের সমীক্ষার কাজ শুরু হবে। ডিসেম্বর মাসের প্রথম সপ্তাহ থেকে শুরু হবে ভোটকেন্দ্রগুলির মানোন্নয়নের কাজ।

**********************

এর আগে, রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনীর প্রস্তুতি নিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর, ভারতের নির্বাচন কমিশনে আজ রিপোর্ট জমা দিয়েছে। ই-মেইলের মাধ্যমে SIR-এর প্রস্তুতি সংক্রান্ত রিপোর্ট কমিশনের কাছে পাঠিয়ে দেওয়া হয়।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর জানিয়েছে, ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী কার্যক্রম নির্বিঘ্নে সম্পন্ন করতে ইতিমধ্যেই বেশ কিছু পদক্ষেপ নেওয়া হয়েছে।

বুথ লেভেল অফিসার নিয়োগ থেকে শুরু করে ERO এবং AERO সংক্রান্ত তথ্যও সেখানে উল্লেখ করা হয়েছে।

আগেই জানানো হয়েছে, আগামীকাল নতুন দিল্লিতে মুখ্য নির্বাচনী আধিকারিকদের সম্মেলন শুরু হচ্ছে।

************************

এদিকে, বিধানসভা ভোটের আগে ভোটার তালিকায় ‘বিশেষ নিবিড় সংশোধনী’ SIR-এর বিরোধিতা করা হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। কলকাতা বিমান বন্দরে আজ তিনি সাংবাদিকদের বলেন, এই প্রক্রিয়া তিন–চার মাসে শেষ হয় না। এজন্য দীর্ঘ সময় লাগে। সুপ্রিম কোর্ট যে আধার কার্ডকে পরিচয়পত্রের দ্বাদশ নথি হিসেবে মান্যতা দিয়েছে, সেই সিদ্ধান্তকেও স্বাগত জানান তিনি।

************************

তিন দিনের উত্তরবঙ্গ সফরে আজ শিলিগুড়ি পৌঁছে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি উত্তরকন্যায় সাত জেলার জেলাশাসকের সঙ্গে বৈঠক করেন। বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি নিয়ে কাজের রিপোর্ট নেওয়ার পাশাপাশি একাধিক সামাজিক সুরক্ষা প্রকল্পের বর্তমান অবস্থা নিয়েও তিনি খোঁজখবর নেন।
এর আগে তিনি বাগডোগরা পৌঁছে নৌকাঘাটে গিয়ে ঠাকুর পঞ্চানন বর্মার প্রয়ান দিবসে তার ছবিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান।

************************

জি এস টি সংস্কারের সুফল গুলি জনসাধারণের কাছে পৌঁছে দিতে সরকারের পক্ষ থেকে বিভিন্ন উদ্যোগ নেওয়া হচ্ছে। নতুন জিএসটি হার অর্থনৈতিক দিক থেকেও দেশকে লাভবান করবে বলে মনে করছে সংশ্লিষ্ট মহল।

একটি প্রতিবেদন- ( ক্যাপসুল- কাশফিন)

************************

তৃণমূল কংগ্রেস প্রকৃতির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছে বলে বিজেপি দাবি করেছে। রাজ্যে বালি পাচারের তদন্তে ইডি-র অভিযান নিয়ে দিল্লিতে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, উত্তরবঙ্গে অবৈধভাবে বালি তোলার ফলে একাধিক নদীর গতিমুখ পালটে গেছে এবং বহু চাষযোগ্য জমি ধ্বংস হয়ে গেছে। তিনি অভিযোগ করেন, বালির এই অবৈধ ব্যবসা সরকারের মদত এবং শাসক তৃণমূল কংগ্রেসের প্রশ্রয় ছাড়া চলতে পারে না। যাদের বাড়িতে ইডির তল্লাশি চলছে, তারা ছাড়াও এর বাইরে বহু মানুষ এই দুর্নীতিতে যুক্ত। সরকারের এই প্রাতিষ্ঠানিক দুর্নীতির জন্য প্রকৃতির ভারসাম্য নষ্ট হচ্ছে বলেও অভিযোগ করেন তিনি।

( বাইট- শমীক/ বালি পাচার )

এদিকে, বালি পাচার কান্ডের তদন্তে নেমে গতকাল ইডি-র চালানো অভিযানে বিপুল পরিমাণ নগদ অর্থ উদ্ধার হয়েছে। মেদিনীপুরের বালি ব্যবসায়ী সৌরভ রায়ের বাড়ি থেকে উদ্ধার হওয়া নগদ অর্থের পরিমাণ ৬৫ লক্ষ টাকা। এর পাশাপাশি, গোপীবল্লভপুরে জিডি মাইনিং-এর কর্মী জাহিরুল শেখ আলির বাড়ি থেকেও ২৫ লক্ষ টাকা পাওয়া গেছে। নিয়ম বহির্ভূতভাবে একাধিক খাদান থেকে বালি তোলায় কোটি কোটি টাকা নয়ছয় হয়েছে বলে মনে করছেন, তদন্তকারী সংস্থার আধিকারিকরা।

************************

ভারত সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীন 'সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন' এর কলকাতা আঞ্চলিক দপ্তর এবং সি বি সি চুঁচুড়া শাখার উদ্যোগে আজ থেকে ব্যারাকপুরের স্বামী বিবেকানন্দ বিশ্ববিদ্যালয় শুরু হয়েছে মিশন লাইফ বিষয়ক এক চিত্র প্রদর্শনী। প্রদর্শনীটির উদ্বোধন করেন স্বামী বিবেকানন্দ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডক্টর সুব্রতকুমার দে এবং ডিন অফ সাইন্স তথা বর্ধমান বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ডক্টর নিমাই চন্দ্র সাহা।

তিন দিনব্যাপী এই প্রদর্শনীর উদ্বোধন করে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডক্টর দে বলেন, এই ধরনের সচেতনতামূলক অনুষ্ঠানের প্রয়োজনীয়তা অত্যন্ত বেড়ে গেছে। এক আলোচনা চক্রে অংশ নিয়ে ডক্টর সাহা বলেন, পরিবেশ প্রতিকূলতার ফলে গোটা পৃথিবীর বাস্তুতন্ত্র আজ বিপদের সম্মুখীন। সকলকে একযোগে এর মোকাবিলা করতে হবে।

এই উপলক্ষে একটি কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

************************

নেপালে জেন-জি'র প্রতিবাদ বিক্ষোভের জেরে সৃষ্ট অশান্তির প্রেক্ষিতে রাজ্য সরকার উত্তরবঙ্গের দার্জিলিং, শিলিগুড়ি, কালিম্পং সহ বিভিন্ন জায়গায় নজরদারির পাশাপাশি শান্তি বজায় রাখার জন্যে প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ উত্তরবঙ্গ রওনা হওয়ার আগে কলকাতা বিমানবন্দরে বলেন, আন্তর্জাতিক এই বিষয়ে মন্তব্য করার অধিকার, শুধুমাত্র কেন্দ্রীয় সরকারের রয়েছে। কেন্দ্রের পক্ষ থেকে সীমান্তে নজরদারি নিয়ে এখনও কোনো যোগাযোগ করা হয়নি। তবে গোটা ব্যাপারটি কেন্দ্রের অধিনস্ত হওয়ায়, তিনি এব্যাপারে কোন মন্তব্য  করতে চান না বলেও স্পষ্ট জানিয়ে দেন। যদিও ওই দেশে দ্রুত স্বাভাবিক অবস্থা ফিরে আসার কামনা করেন মুখ্যমন্ত্রী।

( বাইট-  মমতা / নেপাল )

এদিকে, প্রতিবেশী রাষ্ট্রে উদ্ভূত পরিস্থিতির আঁচ এরাজ্যে যাতে না পরে সেজন্য নেপাল সীমান্তে বিশেষ নজরদারি শুরু হয়েছে। গতরাতেই রাজ্য পুলিশের মহা নির্দেশক রাজীব কুমার, দার্জিলিং-এর পুলিশ সুপার সহ ওই অঞ্চলের পুলিশ আধিকারিকদের সঙ্গে কথা বলেন। মিরিক সংলগ্ন পানিট্যাঙ্কিতে নজরদারি বাড়ানোর জন্য বিশাল পুলিশ বাহিনী এবং র‍্যাফ ও কমব্যাট ফোর্স পাঠানো হয়েছে। সীমান্তের ওপারে কাঁকরভিটায় টায়ার পোড়ানোর খবর পেয়ে এসপি-দার্জিলিং প্রবীন প্রকাশ আজ সেখানে যান। তিনি বলেন, এরাজ্যে গন্ডোগোলের কোনো খবর না থাকলেও, প্রশাসনের পক্ষ থেকে উচ্চ সতর্কতা বজায় রাখা হচ্ছে।               ( বাইট- প্রবীন প্রকাশ )

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগম, শিলিগুড়ি-কাঠমান্ডু রুটে বাস চলাচল অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে।

অন্যদিকে, উদ্ভূত পরিস্থিতির প্রেক্ষিতে **বিদেশ মন্ত্রক**, দেশের পর্যটকদের আপাতত নেপাল **ভ্রমণে না** যাওয়ার পরামর্শ দিয়েছে। সেদেশে থাকা ভারতীয়দের'ও সবরকম সতর্কতা বজায় রাখার পাশাপাশি অপ্রয়োজনে বাইরে বেরোতে নিষেধ করা হয়েছে। স্থানীয় প্রশাসনের পাশাপাশি নেপালে ভারতীয় দূতাবাসের পরামর্শ মেনে চলতে বলেছে মন্ত্রক।

************************

রাজ্যের ‘আবাসন পরিকাঠামো উন্নয়ন পর্ষদ’- হিডকো-র নতুন চেয়ারম্যান হচ্ছেন অর্থ ও স্বাস্থ্যমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তর থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়েছে।

এর আগে ২০২১ সাল থেকে পুর ও নগর উন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম হিডকোর চেয়ারম্যানের দায়িত্ব সামলাচ্ছিলেন। গত ডিসেম্বরে রাজ্য মন্ত্রিসভার এক সিদ্ধান্তে তাঁকে এই পদ থেকে সরিয়ে দেওয়া হয়। এরপর প্রাক্তন মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদী ভাইস চেয়ারম্যান হিসেবে এই পদের দায়িত্বে ছিলেন।

**********************************************************************